

“শেখ হাসিনার উদ্যোগ-ঘরে ঘরে বিদ্যুৎ”  
কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-৪  
Comilla Palli Bidyut Samity-4

জেনারেল ম্যানেজারের কার্যালয়ঃ  
লাকসাম, কুমিল্লা।  
web: www.comillapbs4.org.bd  
e-mail: comillapbs4@gmail.com  
Phone : 08032-51278

স্মারক নং- ২৭.১২.১৯৭২.৫৭৬.৩০.০০৭.১৮. ২৪৩

তারিখঃ- ০৯ জানুয়ারী, ২০১৮ খ্রিঃ  
২৬ পৌষ, ১৪২৪ বঙ্গাব্দ

**বিষয়ঃ গ্রাহকনথি সরবরাহের দরপত্র (RFQ)।**

অত্র সমিতির দাপ্তরিক প্রয়োজনে গ্রাহকনথি সরবরাহের জন্য প্রস্তুতকারী/ সরবরাহকারী প্রতিষ্ঠান হতে নিম্নোক্ত বিবরণ ও শর্তাবলীতে নিজস্ব লেটার হেড প্যাডে সীল মোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে।

ক্রঃ নং	মালামালের বিবরণ	পরিমাণ	একক মূল্য	মোট মূল্য
০১	গ্রাহকনথি ৪- সাইজ-১৩.৭৫" x ৯.৭৫", ১৮০ গ্রাম পেপার ভিন্ন ভিন্ন রং নীচে ১২ আউন্স বোর্ড আইলেট সহ(নমুনা মোতাবেক)	৩৫,৭০০ টি		

**শর্তাবলীঃ**

- ০১। আগ্রহী দরদাতাদের আগামী ১৬/০১/২০১৮ খ্রিঃ তারিখ মঙ্গলবার দুপুর ১২:০০ ঘটিকার মধ্যে কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-৪, এর সদর দপ্তর, লাকসাম, কুমিল্লা ও পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (পূর্বাঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকায় রক্ষিত টেন্ডার বক্সে দরপত্র দাখিল করতে হবে। নির্ধারিত সময় উত্তীর্ণ হওয়ার পর কোন অবস্থাতেই দরপত্র গ্রহণ করা হবে না। ডাক ও কুরিয়ার যোগে কোন দরপত্র গ্রহণ করা হবে না।
- ০২। প্রাপ্ত দরপত্র সমূহ কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-৪ এর সদর দপ্তর, লাকসাম, কুমিল্লা ও পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (পূর্বাঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকায় দরপত্র দাখিলের দিনই অর্থাৎ আগামী ১৬/০১/২০১৮ খ্রিঃ তারিখ মঙ্গলবার দুপুর ১২:৩০ ঘটিকার সময় উপস্থিত প্রতিনিধিদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।
- ০৩। নিজস্ব লেটার হেড প্যাডে উপরোক্ত ছক অনুযায়ী দর উল্লেখপূর্বক দরপত্র দাখিল করতে হবে।
- ০৪। খামের উপর “গ্রাহকনথি সরবরাহের দরপত্র” স্পষ্টাক্ষরে লিখে প্রতিষ্ঠানের সীলমোহর ও সীলগালাযুক্ত করে দরপত্র দাখিল করতে হবে। অসম্পূর্ণ দরপত্র বাতিল বলে গণ্য হবে।
- ০৫। দরপত্রের সহিত হালনাগাদ বৈধ ট্রেড লাইসেন্স, ভ্যাট রেজিস্ট্রেশন, আয়কর সনদ, ব্যাংক সলভেন্সী সনদ, (সরবরাহকারীর ক্ষেত্রে ছাপা খানার অঙ্গিকারনামা/সনদের) সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।
- ০৬। দাখিলকৃত বিল হতে সরকারী নিয়মানুযায়ী ভ্যাট ও আয়কর কর্তন পূর্বক কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-৪ কর্তৃক একাউন্ট পেয়ী চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে।
- ০৭। কুমিল্লা পবিস-৪ যে কোন ধরনের কারন দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ অথবা বাতিল করার অধিকার সংরক্ষণ করে।
- ০৮। দরপত্রের শর্তাবলীতে উল্লেখ নাই এমন বিষয়ে সমিতি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।


  
(মোঃ আবুল কালাম)

জেনারেল ম্যানেজার (চঃ দাঃ)

**অনুলিপিঃ**

- ০১। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (পূর্বাঞ্চল) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা (সদয় অবগতির জন্য)।
- ০২। জেলা প্রশাসক/ পুলিশ সুপার, কুমিল্লা।
- ০৩। নির্বাহী প্রকৌশলী, বাপবিবো, কুমিল্লা (দক্ষিণ)।
- ০৪। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার.....পবিস-১/২/৩/৪।
- ০৫। উপজেলা নির্বাহী অফিসার,..... উপজেলা, কুমিল্লা
- ০৬। ডিজিএম, কারিগরী-সদর দপ্তর/নাঞ্চলকোট/মনোহরগঞ্জ জোনাল অফিস, কুমিল্লা পবিস-৪।
- ০৭। সহকারী প্রকৌশলী, প্রকল্প বিভাগ, বাপবিবো, কুমিল্লা →
- ০৮। এজিএম (অর্থ-হিসাব/ওএন্ডএম), কুমিল্লা পবিস-৪।
- ০৯। মেসার্স.....।
- ১০। নোটিশ বোর্ড/ওয়েব সাইট, কুমিল্লা পবিস-৪ ( জুনিয়র ইঞ্জিনিয়ার (আইটি) সমিতির ওয়েব সাইটে বিজ্ঞপ্তি প্রদানের ব্যবস্থা নিবেন)।
- ১১। অফিস/মাষ্টার নথি।

আগামী ১৬/০১/২০১৮ খ্রিঃ তারিখ মঙ্গলবার বেলা ১২:৩০ ঘটিকায় দরপত্র খোলার সময় উপস্থিত থেকে মূল্যায়ন কাজে অংশ গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

  
(মোঃ ইসমাইল হোসেন মজুমদার)  
এজিএম(এডমিন/এইচআর)